


**চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন**  
**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**  
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-৬৬/২০২১

তারিখঃ ১৪/১১/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/৪০৭৬৯(১৪), তারিখঃ ১১/১১/২০২১খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।



মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

[www.chc.gov.bd](http://www.chc.gov.bd) E\_mail:customhousectg@Gmail.com

নথি নং-এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/

তারিখঃ ১১/১১/২০২১খ্রিঃ

“অফিস আদেশ”

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি/রপ্তানিকৃত পণ্যচালানের বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্ট এর সাথে সংশ্লিষ্ট আমদানিকারক/রপ্তানিকারক কর্তৃক প্রতিটি চালানের ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্ট মনোনয়ন সংক্রান্ত পত্র (Letter of Authorisation) আবশ্যিকভাবে দাখিল করার বিধান থাকলেও আমদানিকারক/রপ্তানিকারকের পক্ষে মনোনীত কোন কোন সিএন্ডএফ এজেন্ট তা দাখিল করছেন না মর্মে দেখা যাচ্ছে। ফলে পণ্যচালান শুদ্ধায়ন ও খালাসকালে প্রায়শঃ নানাবিধ জটিলতার সৃষ্টি হচ্ছে। বিশেষ করে জালিয়াতির ক্ষেত্রে আমদানিকারক/রপ্তানিকারকগণ তাদের পক্ষে দলিলাদি দাখিলের জন্য সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টকে তিনি/তারা দায়িত্ব প্রদান করেননি মর্মে জানান। এমতাবস্থায়, প্রতিটি আমদানিকৃত/রপ্তানিতব্য পণ্যচালানের বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্ট দাখিলের সময় আমদানিকারক/রপ্তানিকারকের পক্ষে সিএন্ডএফ এজেন্ট নিয়োগ সংক্রান্ত পত্র (Letter of Authorisation) আবশ্যিকভাবে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উক্ত মনোনয়ন পত্র (Letter of Authorisation) ব্যতীত কোন বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্ট শুদ্ধায়ন না করার জন্য সংশ্লিষ্ট কাস্টমস্ কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ ফখরুল আলম)

কমিশনার অব কাস্টমস্

তারিখঃ ১১/১১/২০২১খ্রিঃ

নথি নং-এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/৪০৭৬৯(১৪)